৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ...24 DEC 1998 ... ...
পৃষ্ঠা ৪ কলাম ৪......

## 'পাড়ায় পাড়ায় পাঠাগার চাই' শ্লোগান প্রসঙ্গে

পাঠাগার নিঃসন্দেহে পবিত্র একটি স্থান, যেখানে বসিয়া পাঠক বিভিন্ন বিষয়ে জ্ঞানতৃষ্ণা নিবারণ করিয়া থাকেন। সদ্য সমাপ্ত ঢাকা বই মেলার প্রধান শ্লোগান ছিল- 'পাড়ায় পাড়ায় পাঠাগার চাই'। আমরাও চাই দেশের প্রতিটি পাড়ায় পাঠাগার গড়িয়া উঠুক। কিন্তু অত্যন্ত দুঃখজনক হইলেও সত্য যে; পাড়ায় পাড়ায় তো দূরের কথা প্রতিটি থানায়ও সরকারী উদ্যোগে এতদিনে কোন পাঠাগার গড়িয়া ওঠে নাই। যদিও জেলা শহরের কিছু কিছু পাড়ায় পাঠাগার রহিয়াছে; কিন্তু সেসব পাঠাগারে কোন বই-ই নাই। এসব পাঠাগারে সন্ধ্যার পর চলে স্থানীয় যুবকদের তাস খেলা, গাঁজা ও মদ খাওয়াসহ অপরাধমূলক বিভিন্ন কার্যকলাপ। তাহাছাড়া পাড়ার যুবক দল পাঠাগারের চাঁদার নামে চাঁদাবাজি করিয়া বেড়ায়। তাই কথা হইল, আমরা পাঠাগার চাই, তবে সে পাঠাগার হইতে হইবে বইয়ে পূর্ণ পবিত্র একটি স্থান। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ হুমায়ূন কবির,
গ্রাম ঃ উত্তর কাটাখালী,
ডাক ও থানা ঃ দশমিনা,
জেলা ঃ পটুয়াখালী।